

প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

গাউছে পাক ভবন

২৮/১/জি, টয়েনবী সার্কুলার রোড, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ (Internal Audit Charter)

প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড প্রতিষ্ঠার পর থেকে সুশাসন প্রতিষ্ঠায় সততা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও কার্যকারিতার নীতিমালার ভিত্তিতে কর্পোরেট গভর্নেন্স মান বাস্তবায়নে বলিষ্ঠ ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) ২০১৮ সালের কর্পোরেট গভর্নেন্স কোড অনুসরণ করে পরিচালনা পর্ষদকে দায়িত্ব পালনে সহায়তা করার জন্য কোম্পানি একটি শক্তিশালী ও স্বাধীন নিরীক্ষা কমিটি এবং অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স বিভাগ প্রতিষ্ঠা করেছে। বিএসইসি'র কর্পোরেট গভর্নেন্স কোডের ধারা ৩ (১) (ডি) অনুযায়ী পরিচালনা পর্ষদ অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স বিভাগের প্রধানের (Head of Internal Audit & Compliance - HIAC) ভূমিকা, দায়িত্ব ও কর্তব্য নিম্নোক্ত সনদ (Charter) এর মাধ্যমে নির্ধারণ করা হল।

রিপোর্টিং সম্পর্ক (Reporting Relationship):

অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স বিভাগের প্রধান পরিচালনা পর্ষদের নিরীক্ষা কমিটির সরাসরি তত্ত্বাবধানে থেকে নিরীক্ষা ও কমপ্লায়েন্স সংক্রান্ত দায়িত্ব পালন করবেন। দৈনন্দিন প্রশাসনিক বিষয়ে (Administrative matters) তিনি প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট রিপোর্ট করবেন।

কর্তৃত্ব ও উদ্দেশ্য (Authority & Purpose):

অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স বিভাগকে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা ও পর্যালোচনার জন্য কঠোর গোপনীয়তা ও নিরাপত্তা বজায় রাখা স্বাপেক্ষে কোম্পানির সকল রেজিস্টার/রেকর্ড, সম্পত্তি, ব্যক্তি, দলিল দস্তাবেজ, ইলেকট্রনিক তথ্য ও সিস্টেমের পূর্ণ ও অনিয়ন্ত্রিত প্রবেশাধিকার (unrestricted access) প্রদান করা হল। বিভাগীয় প্রধান বা অধীনস্থ নিরীক্ষকগণ দায়িত্ব পালনের সময় অধিকৃত ও সংগৃহীত তথ্য বিচক্ষণতার সাথে ব্যবহার করবেন।

বিভাগীয় প্রধানের দায়িত্ব (Responsibility):

- নিরীক্ষা ও কমপ্লায়েন্স বিভাগ ঝুঁকি ভিত্তিক (risk-based), নিয়মানুগ (systematic) ও শৃঙ্খলাবদ্ধ (disciplined) নিরীক্ষা পদ্ধতি অনুসরণ করে স্বাধীন ও নিরপেক্ষভাবে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে।
- কোম্পানির ব্যবসায়িক ঝুঁকি ব্যবস্থাপনা (risk management), সুশাসন ব্যবস্থার (governance process) কার্যকারিতা মূল্যায়ন। কোম্পানির ব্যবসায়িক ঝুঁকির ক্ষেত্র সমূহঃ
 - বীমা ঝুঁকি (insurance risk)
 - পরিচালন ঝুঁকি (operational risk)
 - অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও কমপ্লায়েন্স ঝুঁকি (internal control & compliance risk)
 - তথ্য প্রযুক্তি ও নিরাপত্তা ঝুঁকি (information technology and security risk)
 - শরীয়াহ ঝুঁকি (shariah risk)
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার কার্যকারিতা (effectiveness) এবং পর্যাপ্ততা (adequacy) মূল্যায়ন।
- কোম্পানির আর্থিক এবং পরিচালনা সংক্রান্ত তথ্যের নির্ভরযোগ্যতা (reliability) এবং অখন্ডতা (integrity) পর্যালোচনা।
- কোম্পানির ব্যবসা পরিচালনার কার্যকারিতা (effectiveness) এবং দক্ষতা (efficiency) পর্যালোচনা।
- আর্থিক প্রতারণা (fraud) জালিয়াতি, অনিয়ম ও দুর্নীতি থেকে কোম্পানির সম্পদ সুরক্ষা ব্যবস্থা মূল্যায়ন।
- যাবতীয় রেগুলেটরী কমপ্লায়েন্স এবং অভ্যন্তরীণ আইন কানুন, প্রবিধান, চুক্তি, নীতি/পদ্ধতি ও উত্তম চর্চা (good practice) পর্যালোচনা।

৮. অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স বিভাগের প্রধান বা অধীনস্থ নিরীক্ষকগণ নিরীক্ষার স্বাধীনতা (independence) ও নিরপেক্ষতা (objectivity) ক্ষুণ্ণ হতে পারে এমন কোন পরিচালনা কার্যক্রমে (operational activities) অংশ গ্রহন, যেমন নিয়ন্ত্রণ ব্যবস্থা ডিজাইন ও বাস্তবায়ন, নীতি/পদ্ধতির খসড়া প্রনয়ন, যুগপৎভাবে অন্য বিভাগের দায়িত্ব পালন ইত্যাদি কার্যক্রমে অংশ করতে পারবেন না। তবে স্বাধীনতা ও নিরপেক্ষতা ক্ষুণ্ণ না করে নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠায় পরামর্শকের ভূমিকা পালন করতে পারবে।
৯. কোম্পানির বহিঃ নিরীক্ষক (external auditor) এর কার্যক্রমের সাথে সমন্বয় সাধন করবে।
১০. বিভাগীয় প্রধান বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা প্রনয়ন করে নিরীক্ষা কমিটি ও উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পেশ করবে।
১১. অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী বিভাগীয় প্রধান নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করতঃ গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রন ঝুঁকি, জালিয়াতি, আত্মসাৎ ও অন্যান্য দুর্বলতা চিহ্নিত করে প্রয়োজনীয় মতামত ও সুপারিশ প্রণয়ন করবে এবং নিরীক্ষা কমিটি ও প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর পেশ করবে।
১২. নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত পর্যবেক্ষন ও সুপারিশে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মতামত গ্রহন করবে এবং সুপারিশ বাস্তবায়ন ও প্রয়োজনীয় সংশোধনী কার্যক্রম (corrective actions) গ্রহনের জন্য সময়সীমা নির্ধারণ করবে।
১৩. নিরীক্ষা প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার (internal control system) হালনাগাদ অবস্থা (status) সম্পর্কে ত্রৈমাসিক এবং বার্ষিক ভিত্তিতে বোর্ডের নিরীক্ষা কমিটি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর প্রতিবেদন পেশ করবে।
১৪. নিরীক্ষা কমিটি বা প্রধান নির্বাহী কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী আর্থিক জালিয়াতি বা আত্মসাৎ (misappropriation) সংক্রান্ত কোন বিশেষ নিরীক্ষা বা অনুসন্ধান (investigation) কার্যক্রম পরিচালনা করবে।
১৫. বিভাগীয় প্রধান এবং অধীনস্থ নিরীক্ষকগণের কর্মদক্ষতা (competency) ও পেশাদারিত্ব (professionalism) অর্জন ও উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করবে।
১৬. নিরীক্ষা কার্যক্রমের গুণগতমান নিশ্চিত করণের লক্ষ্যে আন্তর্জাতিকভাবে স্বীকৃত পেশাগত মান (professional standards), যেমন দি ইন্সটিটিউট অব ইন্টারনাল অডিটরস (The Institute of Internal Auditors) এর স্ট্যান্ডার্ডস, গাইডলাইন ও অন্যান্য উত্তম চর্চা (good practice) অনুসরণ করবে।
১৭. অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের গুণগতমানের নিশ্চয়তা এবং উন্নতি সাধনকল্পে বছরে অন্ততঃ একবার অভ্যন্তরীণ মূল্যায়ন (internal assessment) কার্যক্রম গ্রহন করবে এবং প্রতি পাঁচ বছরে একবার বাহ্যিক মূল্যায়ন (external assessment) কার্যক্রমে সহায়তা করবে। বোর্ড ও উর্দ্ধতন কর্তৃপক্ষকে এ সকল মূল্যায়নের ফলাফল অবহিত করবে।
১৮. বিভাগীয় প্রধান এবং অধীনস্থ নিরীক্ষকগণ কোম্পানির নৈতিক মানদণ্ড (ethical standard) কঠোরভাবে অনুসরণ করবে।

নিরীক্ষা কমিটি (Audit Committee):

১. নিরীক্ষা কমিটি বিএসইসি'র কর্পোরেট গভর্নেন্স কোড ২০১৮ এর ধারা ০৫ অনুযায়ী যাবতীয় কার্যক্রম পরিচালনা করবে।
২. নিরীক্ষা কমিটি অভ্যন্তরীণ নিরীক্ষার বার্ষিক পরিকল্পনা অনুমোদন করবে এবং অভ্যন্তরীণ নিরীক্ষার আওতা ও পরিধি সম্পর্কে সময়ে সময়ে বোর্ডকে অবহিত করবে।
৩. নিরীক্ষা কমিটি বিভাগীয় প্রধানের বার্ষিক কর্মসম্পাদন মূল্যায়ন (performance evaluation) এবং অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স বিভাগের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করবে।
৪. নিরীক্ষা কমিটি অভ্যন্তরীণ ও বহিঃ নিরীক্ষার কার্যকারিতা মূল্যায়ন করবে এবং বোর্ডকে অবহিত করবে।